মেহেরপুরে দুস্থ মানুষের মাঝে নগদ অর্থ বিতরণ

পবিত্র ঈদুল ফিতর-২০২৬ উপলক্ষে মেহেরপুরে অসহায়, গরিব ও দুস্থ মানুষের মাঝে প্রধানমন্ত্রীর ত্রাণ ভান্ডার থেকে নগদ অর্থ বিতরণ কর্মসূচী অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (১৭ মার্চ) সকাল ১০টায় সদর উপজেলা পরিষদের হল রুমে এ সহায়তা কার্যক্রমের আয়োজন করা হয়।

সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোঃ খাইরুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য মোঃ তাজউদ্দীন খান।

এ সময় তিনি বলেন, ঈদের আনন্দ ভাগাভাগি করতে প্রধানমন্ত্রীর তহবিল থেকে এই অর্থ দেওয়া হচ্ছে। তবে এই অর্থ যদি একজন বা দশ জনের মাধ্যমে দিয়ে তাদের প্রতিষ্ঠিত করা যেত।

এসময় জেলা জামায়াতের সেক্রেটারি ইকবাল হুসাইন, সদর উপজেলা আমীর সোহেল রানা, সদর উপজেলা সেক্রেটারি মাস্টার জাব্বারুল ইসলামসহ স্থানীয় প্রশাসনের কর্মকর্তা, জনপ্রতিনিধি এবং উপকারভোগী সাধারণ মানুষ উপস্থিত ছিলেন।

শৈলকুপায় ৩ বাড়িতে অজ্ঞান পার্টির হানা, নগদ অর্থ ও স্বর্ণালংকার লুট

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার দুধসর গ্রামে অজ্ঞান পার্টি হানা দিয়ে নগদ অর্থ ও স্বর্ণালংকার লুটপাট করে নিয়ে গেছে।

বুধবার গভীর রাতে এ ঘটনা ঘটে। তারা ৩ টি বাড়িতে হানা দিয়ে নগদ

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]